চুয়াডাঙ্গায় আলমসাধুর ধাক্কায় বৃদ্ধা নিহত

চুয়াডাঙ্গা সদর উপজেলার দশমাইল বাজার এলাকায় আলমসাধুর (ভটভটি) ধাক্কায় গুলজান বিবি (৭০) নামের এক পথচারী বৃদ্ধা নিহত হয়েছেন।

শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত গুলজান বিবি চুয়াডাঙ্গা সদর উপজেলার আলিয়ারপুর গ্রামের মৃত বছির উদ্দিনের স্ত্রী।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি আবু জিহাদ জানান, শুক্রবার সকাল ১০টার দিকে গুলজান বিবি মুদিদোকানে কেনাকাটার জন্য বাড়ির কাছের দশমাইল বাজারে যান।

রাস্তা পার হওয়ার সময় দ্রুতগতির একটি আলমসাধু ধাক্কা দিলে তিনি ছিটকে পাকা রাস্তায় পড়ে যান। এতে তিনি রক্তাক্ত জখম হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করেন। দুপুর সাড়ে ১২টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহতের লাশ সদর হাসপাতাল মর্গে রাখা আছে।

মেহেরপুরের শোলমারীতে মাটি বোঝাই ট্রাকটরের ধাক্কায় স্কুল ছাত্রী জখম

মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামে মাটি বোঝাই অবৈধ ট্রাকটরের ধাক্কায় নুপুর নামের এক ৮ম শ্রেণীর ছাত্রী মারাত্মক জখম হয়েছে।

বৃহস্পতিবার সন্ধায় শোলমারী-রুদ্রনগর সড়কে এই দুর্ঘটনা ঘটে।

আহত নুপুর কে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

নুপুর শোলমারী গ্রামের নজরুল ইসলামের মেয়ে। সে শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৮ম শ্রেণীর ছাত্রী।

এলাকাবাসী জানান, রুদ্রনগর গ্রামের বুলু পুলিশের নিষেধ অমান্য করে মাটি বোঝাই করে রুদ্রনগরে যাচ্ছিল। এসময় নুপুর রুদ্রনগর তার খালার বাড়ি থকে শোলমারী নিজের বাড়িতে আসছিল। পথিমধ্যে ট্রাকটরটি তাকে সাইড না দিলে নিচে পড়ে যায়।

পরে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানে তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করার পরামর্শ দেন জরুরী বিভাগের ডা. সউদ কবির।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ইজিবাইক নিয়ন্ত্রণ হারিয়ে খাদে – চালক নিহত

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামে ইজিবাইক নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। এতে ঘটনাস্হলেই চালকের মৃত্যু হয়৷

নিহত ইজিবাইক চালক চাঁদবিল গ্রামের হারান শেখের ছেলে রহিদ শেখ (৫০)।

গত শনিবার দুপুরে হারান শেখ চাঁদবিল মোড়ে দুর্ঘটনার শিকার হন।

পরে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়৷

আজ রবিবার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

স্থানীয় সুত্রে জানা যায়, শনিবার দুপুরে মেহেরপুর থেকে বাড়ির উদ্দেশ্যে যাওয়ার পথে এ ঘটনা ঘটে। সেখান থেকে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করে।

কুষ্টিয়া ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার আলী সাজ্জাদ বলেন, ক্য়ুাকাটা থেকে পিকনিকের একটি বাস পাবনা ফিরছিলো। এসময় তালবাড়ীয়া পুলিশ ক্যাম্পের সামনে বগুড়া থেকে নড়াইলগামী একটি ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে করে ট্রাকের চালক নাবিল হোসেন ও ইব্রাহিম হোসেন ঘটনাস্থলেই মারা যান।

এসময় বাসের কয়েকজন আহত হয়। তাদের কয়েকজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে বলেও জানান তিনি।

মেহেরপুরে লাটাহাম্বারের ধাক্কায় গৃহবধূর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল নামক স্থানে গরুবোঝাই লাটা হাম্বারের (অবৈধ্য ইঞ্জিন চালিত) ধাক্কায় মুক্তি খাতুন নামের এক মহিলার মর্মান্তিক মৃত্যু হয়েছে। শুক্রবার সন্ধ্যার দিকে এ ঘটনা ঘটে।

নিহত মুক্তি খাতুন মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামের ফারুক হোসেনের স্ত্রী।

জানা গেছে মুক্তি খাতুন সহ তার কয়েকজন সঙ্গী নিয়ে চাঁদবিলে রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল এ সময় মেহেরপুর থেকে গরু বোঝাই একটি লাটা হাম্বার রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা মুক্তি খাতুনকে ধাক্কা দিলে তিনি মাটিতে লুটিয়ে পড়েন এবং ঘটনাস্থলেই তিনি মৃত্যুবরণ করেন।

খবর পেয়ে মেহেরপুর সদর থানার পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করে মেহেরপুর হাসপাতালে নিয়ে আসে। স্থানীয় ও পুলিশের সহযোগিতায় লাটা হাম্বার ও চালককে আটক করা হয়।

[redacted] [redacted] [redacted] [redacted]-[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted]–[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted] [redacted] [redacted] [

প্রত্যক্ষদর্শী সুত্রে জানা যায়, মোটরসাইকেল চালক হুসাইন কবির গাংনীর দিকে আসার সময় গোপালনগর ব্রিজের নিকট পৌছলে তার বিপরীত দিক থেকে আসা আলমসাধুর সাথে মুখোমুখি সংঘর্ষ হয় এতে দুজনেই মারাত্মক আহত হয়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

মেপ্র/আরপি

মেহেরপুরের আমঝুপিতে সড়ক দুর্ঘটনায় যুবক আহত

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের সড়কে পথ দুর্ঘটনায় পিয়াস নামের এক যুবক আহত হয়েছে। পিয়াসকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

গতকাল বুধবার বিকালের দিকে এ ঘটনা ঘটে। আহত পিয়াস মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের আল-আমিন হোসেনের ছেলে।

জানা গেছে, পিয়াস গাড়াডোব থেকে মোটরসাইকেল যোগে আসার পথে আমঝুপি উত্তর পাড়া নামক স্থানে একটি ছাগলের সাথে ধাক্কা লেগে রাস্তার পাশে ছিটকে পড়ে।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠায়।

মেপ্র/আরপি